


## টুয়েক ইউ-আই দিয়ে উইন্ডোজ এক্সপি কাস্টমাইজ করা

মাইক্রোসফট উইন্ডোজ এক্সপির জন্য দারুন একটি টুল রয়েছে, যার নাম টুয়েক ইউ-আই। কি করা যায় এটি দিয়ে? অনেক কিছু। যেমন ধরুন, আপনি আপনার ডেস্কটপের শর্টকাটগুলোতে এ্যারো চিহ্নটি বাদ দিতে চান। এর জন্য আপনাকে উইন্ডোজের রেজিস্ট্রি ওপেন করে কিছু নির্দিষ্ট ভ্যালু এডিট করতে হবে। যদি ভুল করে অন্য কোন ভ্যালু এডিট করে বসেন, তাহলে পরবর্তীতে আপনার কম্পিউটারটি চালু নাও হতে পারে। টুয়েক ইউ-আই দিয়ে এ কাজটি করলে আর কোন ভয় থাকবে না, শুধুমাত্র মাউসের একটি ক্লিকই যথেষ্ট। নিচে স্ক্রিন শট দেখুন:



এখন আর আপনাকে উইন্ডোজের রেজিস্ট্রি ওপেন করে কোন কিছু এডিট করতে হবে না। মাত্র একটি ক্লিকের মাধ্যমে সিডি-রমের অটো-রান ফিচার বন্ধ করে দিন। এরকম নানা ধরনের অপশনের সমাহার রয়েছে টুয়েক ইউ-আই সফটওয়্যারটিতে। আপনি নিশ্চিন্তে এটি ব্যবহার করতে পারেন, কারণ এটি মাইক্রোসফটের নিজস্ব প্রোডাক্ট। আরেকটি কথা, টুয়েক ইউ-আই সফটওয়্যারটি শুধু উইন্ডোজ এক্সপির জন্যই নয়, উইন্ডোজ ৯৮/এমই/২০০০ ইত্যাদিতেও আপনি ব্যবহার করতে পারবেন এই সফটওয়্যারটি, তবে তাদের জন্য ভিন্ন ভার্সন রয়েছে। টুয়েক ইউ-আই ফ্রি ডাউনলোড করার জন্য চলে যান (ক্লিক করলে কাজ করবে না, এ্যাক্সেস টাইপ করতে হবে) <http://www.microsoft.com/windowsxp/downloads/powertoys/xppowertoys.mspx> এ্যাক্সেসটিতে।

-- মোহাম্মদ আহসানুল হক শোভন

ইমেইল: [shuvorim@yahoo.com](mailto:shuvorim@yahoo.com)

ওয়েবসাইট: <http://www29.websamba.com/shovon>